

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৩৪

ভূমিকা পর্ব (كتاب المقدمة)

পরিচ্ছেদঃ ১৮. জান্নাতের সুসংবাদপ্রাপ্ত দশজন সাহাবা (রাঃ)-দের সম্মান

بَابِ فَضَائِلِ الْعَشَرَةِ رَضِيَ اللهُ عَنْهُمْ

### আরবী

حَدَّ قَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّقَنَا ابْنُ أَبِي عَدِيٍّ، عَنْ شُعْبَةَ، عَنْ حُصَيْنٍ، عَنْ هِلاَلِ بْنِ يَسَافٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ ظَالِمٍ، عَنْ سَعِيدِ بْنِ زَيْدٍ، قَالَ أَشْهَدُ عَلَى رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ أُنِّي سَمِعْتُهُ يَقُولُ " اثْبُتْ حِرَاءُ فَمَا عَلَيْكَ إِلاَّ نَبِيُّ أَوْ صِدِيقٌ أَوْ شَهِيدٌ " وَعَدَّهُمْ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ أَبُو بَكْرٍ وَعُمَرُ وَعُثْمَانُ وَعَلِيُّ وَطَلْحَةُ وَالزَّبَيْرُ وَسَعْدٌ وَابْنُ عَوْفٍ وَسَعِيدُ بْنُ زَيْدٍ .

#### বাংলা

২/১৩৪। সাঈদ ইবনু যায়দ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম সম্পর্কে সাক্ষ্য দেই যে, আমি তাঁকে বলতে শুনেছিঃ হে হেরা (পর্বত)! স্থির হও। কেননা তোমার উপর একজন নবী, একজন পরম সত্যবাদী ও একজন শহীদ রয়েছেন। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তাদের নাম ধরে গণনা করেনঃ আবূ বকর, উমার, উসমান, আলী, ত্বলহাহ, যুবায়র, সা'দ, ইবনু আওফ ও সাঈদ ইবনু যায়দ।

## **English**

It was narrated that Sa'eed bin Zaid:

'I bear witness that I heard the Messenger of Allah say: 'Stand firm, O (mountain of) Hira', for there is no one upon you but a Prophet, a Siddiq or a martyr.' " Then he listed them as follows: "The Messenger of Allah, Abu Bakr, 'Umar, 'Uthman, 'Ali, Talhah, Zubair, Sa'd, Ibn 'Awf and Sa'eed bin Zaid."

### ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: তিরমিয়ী ৩৭৫৭, আবূ দাউদ ৪৬৪৮, আহমাদ ১৬৩৪।



তাহকীক আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: সহীহাহ ৮৭৫। উক্ত হাদিসের রাবী আবদুল্লাহ বিন যালীম সম্পর্কে ইবনু হিব্বান ও আল আজালী বলেন, তিনি সিকাহ ইমাম বুখারী তাকে দুর্বল বলেছেন। ইবনু আদী ও আল-আকালী তাকে দুর্বল বলেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সাঈদ ইবনু যায়দ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন